# যুক্তরাষ্ট্রের চাপ অব্যাহত থাকলে কূটনৈতিক অগ্রগতি অসম্ভব: আরাঘচি



ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি। ছবি: সংগৃহীত

যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে চাপ ও হুমকির নীতি অব্যাহত থাকলে দুই দেশের মধ্যে কোনো চূড়ান্ত চুক্তি নিয়ে আলোচনা এগোবে না বলে জানিয়েছেন ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচি।

মঙ্গলবার (৭ জুলাই) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে তিনি বলেন, তেহরান ও ওয়াশিংটনের মধ্যে হওয়া সমঝোতা স্মারকের ১৩ নম্বর ধারায় বিষয়টি স্পষ্টভাবে উল্লেখ রয়েছে। তার ভাষায়, 'হুমকি চলতে থাকলে চূড়ান্ত চুক্তি নিয়ে আলোচনা শুরু হবে না।' একই সঙ্গে যুক্তরাষ্ট্রকে নিজেদের প্রতিশ্রুতি ও স্বাক্ষরের প্রতি সম্মান দেখানোর আহ্বান জানান তিনি।

আরাঘচি আরও দাবি করেন, ইরানের প্রয়াত সর্বোচ্চ নেতা আয়াতুল্লাহ আলি খামেনিকে শেষ শ্রদ্ধা জানাতে লাখো মানুষ অংশ নিয়েছেন। তার মতে, এই উপস্থিতি প্রমাণ করে ইরানের জনগণ ও সশস্ত্র বাহিনী কোনো ধরনের চাপ বা হুমকিতে ভীত নয়।

LENS ASIA

উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে তেহরান ও ওয়াশিংটনের মধ্যে উত্তেজনা অব্যাহত রয়েছে। এ পরিস্থিতিতে আরাঘচির বক্তব্য দুই দেশের সম্ভাব্য কূটনৈতিক সংলাপ নিয়ে নতুন করে আলোচনা সৃষ্টি করেছে।